গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং ৫১.০১.৫২০০.০০০.৪২.০১৯.২৬- ৩৩০

১৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩
তারিখঃ-----------------------
০১ জুন, ২০২৬

**বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচির আওতায় অর্থ উপ-বরাদ্দ প্রদান।**

সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং ৫১.০১.০০০০.০১২.১৪.০১২.২৫ (অংশ-০১).-৩২৫ তারিখঃ ২৩-০৫-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচির আওতায় লালমনিরহাট জেলার লালমিনরহাট সদর উপজেলায় উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত ০৬টি বিশেষ প্রকল্পের বিপরীতে ২৪,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত অর্থ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহোট সদর এর অনুকুলে নিম্নোক্তভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম/বিবরণ | উপ-বরাদ্দকৃত অর্থের পরিমাণ | ছাড়কৃত অর্থের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | লালমনিরহাটি সদর | কদমতলা ঘাট সার্বজনীন কালী মন্দির সংস্কার, ওয়ার্ড নং-৫ | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০২ | ,, | হাড়িভাঙ্গা দরগাড়পাড় (মাজার) জামে মসজিদ উন্নয়ন/সংস্কার | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০৩ | ,, | খেদাবাগ একরামিয়া ফাজিল মাদ্রাসায় কম্পিউটার ল্যাব ও বিশ্রামাগার উন্নয়ন/সংস্কার | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০৪ | ,, | উত্তর সাপটানা সখের বাজার জামে মসজিদ উন্নয়ন/সংস্কার | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০৫ | ,, | লালমনিরহাট জেলা রেড ক্রিসেন্ট ইউনিট কার্যালয়ের আসবাবপত্র ক্রয় | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| ০৬ | ,, | লালমনিরহাট জেলা রেড ক্রিসেন্ট ইউনিট কার্যালয়ের সংস্কার/ উন্নয়ন | ৪,০০,০০০/- | ৪,০০,০০০/- | |
| | মোট= | ৬টি প্রকল্প | ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) | ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) টাকা | |

**শর্তাবলীঃ**

(১) ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০-০৬-২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(২) এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো রকণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/ নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিক ২০২১ (সংশোধনীসহ) বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৩) এ কর্মসূচির বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার ( ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/ কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।

(৪) এই ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (টাকা), ১৪৯০১০১- কোড হতে ব্যয় নির্বাহ করতে হবে;

(৫) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে;

(৬) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৭) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/ জবাব দিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

(৮) বরাদ্দ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে P. I. C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/ টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

(৯) গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে। পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(১০) অর্থ ছাড় (ডিও) করার পূর্বে প্রকল্প তালিকা উপজেলার Facebook Page ও ওয়েব পোর্টালে প্রদর্শন করে এ অফিসকে অবহিত করতে হবে।

(১১) প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রতি সপ্তাহে নির্ধারিত ছকে অত্রাফিসে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

(১২) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত/ আইন বিধির আওতায় আনতে হবে।

(১৩) কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে।

(১৪)নিরীক্ষার জন্য যথাযথ হিসাব/ মাষ্টাররোল/ ভাউচার তার দপ্তরে সংরক্ষণ করতে হবে।

০১/৬/২৬

(মো: আব্দুল মতিন )
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক লালমনিরহাট এর পক্ষে
ফোনঃ ০২৫৮৯৯৮৬৮৭৯ (অঃ)
মোবাইলঃ ০১৭০০-৭১৬৭৩১
drrolalmoni@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট।

স্মারক নং ৫১.০১.৫২০০.০০০.৪২.০১৯.২৬-৩৩০

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩
০১ জুন, ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্ত, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্ত, ঢাকা।
৫। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, লালমনিরহাট।
৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, লালমনিরহাট।
৭। সিএ টু ডিসি, লালমনিরহাট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি

০১/৬/২৬

(মো: আব্দুল মতিন )
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলা প্রশাসক লালমনিরহাট এর পক্ষে
ফোনঃ ০২৫৮৯৯৮৬৮৭৯ (অঃ)
মোবাইলঃ ০১৭০০-৭১৬৭৩১
drrolalmoni@gmail.com